

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
বিরল, দিনাজপুর।
ulobirol@gmail.com

স্মারক নং ৩৩.০১.২৭১৭.০০০.১১.০০১.২১.৫৮৪ (৫)

বিজ্ঞপ্তি


তারিখঃ ০৫/১২/২০২১খ্রিঃ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক প্রাণিসম্পদ অধিদপ্তর এর আওতায় বাস্তবায়নায়ী “প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাসচাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প” এর কার্যক্রম শুরু হয়েছে। অত্র বিরল উপজেলায় ০১ (এক) জন কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) নির্বাচন করা হবে। নিম্নোক্ত ক্রাইটেরিয়ার ভিত্তিতে যোগ্য প্রার্থীর নিকট হতে নাম, পিতা ও মাতার নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, মোবাইল নম্বর, জাতীয় এনআইডি নম্বর, জন্ম তারিখ, বৈবাহিক অবস্থা, শিক্ষাগত যোগ্যতা, প্রশিক্ষণ, অভিজ্ঞতা ইত্যাদি তথ্যাদি সম্বলিত স্বহস্তে লিখিত দরখাস্ত আহবান করা হচ্ছে। আগ্রহী প্রার্থী আগামী ১৩/১২/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে প্রকল্প পরিচালক, প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাস সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প, প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা বরাবর স্বহস্তে লিখিত দরখাস্ত নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে প্রয়োজনীয় কাগজপত্রসহ জমাধানের জন্য অনুরোধ করা হলো।

কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) নির্বাচনের ক্ষেত্রে শর্তাবলী :

- ১) সংশ্লিষ্ট উপজেলার বাসিন্দা হতে হবে।
- ২) ১৩/১২/২০২১ খ্রিঃ তারিখে বয়স ২০-৪৫ বছরের মধ্যে হতে হবে, তবে প্রাণিসম্পদ অধিদপ্তরায়ী সমাপ্ত উন্নয়ন প্রকল্প সমূহে কর্মরত ছিলেন এমন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে এবং তাদের ক্ষেত্রে বয়স শিথিল যোগ্য।
- ৩) কর্মঠ ও উদ্যোগী বেকার যুবক/ যুব মহিলাদের অগ্রাধিকার দেওয়া হবে।
- ৪) শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম এসএসসি পাশ বা সমমানের পাস হতে হবে।
- ৫) প্রাণিসম্পদ অধিদপ্তর বা যুব উন্নয়ন কেন্দ্র বা অন্য কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে প্রশিক্ষণ প্রাপ্ত অগ্রাধিকার দেওয়া হবে।
- ৬) ছাত্র/ছাত্রী বা কোন প্রতিষ্ঠানে কর্মরত ব্যক্তিকে কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) নির্বাচন করা হবে না।

সংযুক্ত কাগজপত্রঃ শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপি, প্রশিক্ষণের সনদপত্রের সত্যায়িত ফটোকপি, নাগরিকত্বের সার্টিফিকেট, এনআইডি কার্ডের সত্যায়িত ফটোকপি, ০৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।


ডাঃ মাহফুজা খাতুন
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
ও
সদস্য সচিব
কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) নির্বাচন কমিটি
বিরল, দিনাজপুর।


সদয় অবগতি ও বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডে টানানোর জন্য অনুরোধ করা হলোঃ

- ১) উপজেলা নির্বাহী অফিসার, বিরল, দিনাজপুর।
- ২) উপজেলা কৃষি অফিসার, বিরল, দিনাজপুর।
- ৩) অত্র দপ্তরের নোটিশ বোর্ড।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরিত হলোঃ

- ১) প্রকল্প পরিচালক, প্রাণিপুষ্টির উন্নয়নে উন্নত জাতের ঘাসচাষ সম্প্রসারণ ও লাগসই প্রযুক্তি হস্তান্তর প্রকল্প, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২) জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, দিনাজপুর।
- ৩) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরল, দিনাজপুর।
- ৪) উপজেলা নির্বাহী অফিসার, বিরল, দিনাজপুর।
- ৫) উপজেলা কৃষি অফিসার, বিরল, দিনাজপুর।

৬) অফিস কপি


ডাঃ মাহফুজা খাতুন
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
বিরল, দিনাজপুর
ও
সদস্য সচিব
কমিউনিটি এক্সটেনশন এজেন্ট (CEA) নির্বাচন কমিটি
বিরল, দিনাজপুর।